# পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ পর্ষদ

পি-৩, সি.আই.টি. স্কীম, ৭এম কাঁকুড়গাছি
কলকাতা-৭০০ ০৫৪
ফোন-০৩৩-২৩২০৪২৪১



## পর্ষদ কর্তৃক স্কলারশিপ/স্টাইপেন্ড ও অন্যান্য সুবিধা প্রদান

ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার ফান্ড এ্যাক্ট, ১৯৭৪ অনুযায়ী পশ্চিমবঙ্গে অবস্থিত যাবতীয় ফ্যাক্টরী, বাণিজ্যিক সংস্থা, বাণিজ্যিক ও মোটর ট্রান্সপোর্ট সংস্থা, সিনেমা হল ও বিনোদন সংস্থাগুলির মালিকগণের প্রতি বৎসরের ১৫ই জানুয়ারি ও ১৫ই জুলাই তারিখের মধ্যে দেয় বিধিবদ্ধ যান্মাষিক চাঁদা জমা দেওয়া আবশ্যক। নগদে অথবা মানি অর্ডার/ চেক/ডিমান্ড ড্রাফট মারফত পর্ষদের অফিসে নির্দিষ্ট সময়ের মধ্যে ওয়েলফেয়ার কমিশনার, ওয়েস্ট বেঙ্গল লেবার ওয়েলফেয়ার বোর্ডের অনুকূলে জমা দিতে হবে।

এছাড়া উক্ত সংস্থাগুলিতে তিন বছর বা তার বেশি সময় ধরে পড়ে থাকা শ্রমিক কর্মচারীদের প্রাপ্য অর্থ (Unpaid Accumulation) ও বিধিমতো জমা না দেওয়া দণ্ডনীয় অপরাধ। কারাবাস অথবা উভয়ই হতে পারে।

### স্কলারশিপ ও স্টাইপেন্ড

শ্রমিক পরিবারের পুত্র ও কন্যাদের উচ্চ শিক্ষার্থে স্কলারশিপ ও স্টাইপেন্ড : উচ্চ মাধ্যমিক থেকে স্নাতকোত্তর এবং মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং ও পর্ষদ অনুমোদিত অন্যান্য কারিগরি শিক্ষাক্রমের ক্ষেত্রে স্কলারশিপ/স্টাইপেন্ড পাওয়ার জন্য ওয়েলফেয়ার ফান্ডে চাঁদাপ্রদানকারী কর্মীদের পুত্র-কন্যাদের দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**শর্তাবলী :**

১। পর্ষদের চাঁদাপ্রদানকারী যে সব কর্মীর বার্ষিক আয় অনধিক এক লক্ষ আশি হাজার টাকা এবং অনধিক বাহাত্তর হাজার টাকা, একমাত্র তাদের পুত্র-কন্যাগণ যথাক্রমে স্কলারশিপ ও স্টাইপেন্ড পাওয়ার যোগ্য।

২। স্কলারশিপের জন্য মাধ্যমিকে কমপক্ষে ৬৫% এবং উচ্চতর পরীক্ষায় ৫৫% শতাংশ নম্বর এবং স্টাইপেন্ডের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। উত্তরবঙ্গে বসবাসকারী এবং কর্মরত পিতা/মাতার ক্ষেত্রে প্রাপ্ত নম্বর ৫% শতাংশ শিথিলযোগ্য।

আবেদনের জন্য নির্দিষ্ট নতুন ফর্ম পর্ষদের প্রধান কার্যালয়, আঞ্চলিক অফিস, শিলিগুড়ি অথবা যে কোনও শ্রমিক মঙ্গল কেন্দ্র থেকে মার্কশিট দেখিয়ে সংগ্রহ করা যাবে। পুরাতন ফর্মে আবেদন গ্রাহ্য হবে না। প্রতি বছর নতুন করে আবেদন করতে হবে।

**আবেদন জমা দেবার শেষ তারিখ :- ২৮শে ফেব্রুয়ারি, ২০১৭**

অন্যান্য সূত্র থেকে স্কলারশিপ ও স্টাইপেন্ড প্রাপকরা এক্ষেত্রে বিবেচিত হবেন না।

### হলিডে হোম

পর্ষদের অধীনে পাঁচটি হলিডে হোম রয়েছে। দীঘা, বকখালি, পুরী, দার্জিলিং এবং গ্যাংটক। পর্ষদের চাঁদাপ্রদানকারীরা নামমাত্র মূল্যে এই সমস্ত হলিডে হোমে অবকাশ যাপন করতে পারেন। অন্যান্যরাও এই সুবিধা ভিন্ন মূল্যে পেতে পারেন। বিস্তারিত বিবরণের জন্য পর্ষদের ওয়েব-সাইট : www.wblwb.org দেখুন।

**কল্যাণ মহাধ্যক্ষ**